

শ্রীশ্রীহরি সঙ্গীত

৩৯

নয়ন জলে ভাসবে দু'কূল, মিলবেরে অকূলের কূল ॥

- ২। লতা হইলে সবল, ফলবেরে সুফল,
হরি মাণিক ফলবে লতায় পথের সম্বল।
সে যে সাধনের ধন চিন্তামণি অনাদি যার না পায় মূল ॥
- ৩। লতায় বিঘ্ন অতিশয়, শোনরে মনুরায়,
বৈষ্ণব অপরাধ, হাতী মাথা, যেন নালওয়ায়।
যদি লতা শুণ্ডে জড়ায়, এককালে ক'রবে নিশ্চূল ॥
- ৪। যে জন সুজন মালী হয়, ঐ লতার কৃপায়,
অনায়াসে প্রাপ্ত হয় সে হরি দয়াময়।
শেষে প্রেমানন্দে সাঁতার খেলায়, ভাসিয়া দিয়ে জাতিকূল ॥
- ৫। মহানন্দের এই বাণী, শোনরে অশ্বিনী,
ভক্তি লতায় সিঞ্চন কর প্রেম তরঙ্গিনী।
ঈশার থাক দিন রজনী, দেখ যেন না হয় ভুল ॥

৫১ নং তাল-গড়খেমটা

আমার মন মধুকর হওরে বিভোর প্রেম মধুপানে।

ভক্তি পাখা তোল, উড়ে চল, প্রেম মধু আছেরে মন যেখানে ॥

- ১। শ্রীগুরু পাদ-পদ-কাননে, গুণ গুণ স্বরে যাওরে উড়ে
মধু যেখানে;
মত্ত হও প্রেম মধু পানে, ভুল আর যাসনা বিষয় কাননে ॥
- ২। গুরুকল্প করুণা ডালে, গুরুকৃপা চাকে মনের সুখে রও
কুতূহলে।
এবার সাধুসঙ্গ ফুলে ফুলে মধুপান কররে রাত্র দিনে ॥
- ৩। মতুরা ময়রা রসের দোকানে, বিরাগ ভরে যাওরে উড়ে
আনন্দে মনে
প্রেম-রসগোল্লা-রসপানে, শান্তি পাবি সে রস আস্থাদনে ॥